

ঢাকা, ২২ মার্চ ২০১৯

## রক্ত দিতে হবে না শুধু দেশটাকে একটু ভালবাসুন শিক্ষকদের উদ্দেশ্য -শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনি এম,পি বলেছেন সর্বোচ্চ মূল্য, রক্ত দিয়ে অর্জিত আমাদের দেশের এই স্বাধীনতা । ত্রিশ লক্ষ মানুষ জীবন দিয়েছে আমাদের এই স্বাধীনতার জন্য । শহীদেরা স্বপ্ন দেখেছিলেন একটি উন্নত ও সমৃদ্ধ জাতির । শেখ হাসিনার সরকার সেই উন্নত দেশ গড়ার লক্ষে রূপকল্প ৪১ বাস্তবায়নে কাজ করছে । দেশের প্রায় সব সেক্টরে ব্যাপক উন্নয়ন চলছে । আমাদের সব উন্নয়ন ই ব্যর্থ হয়ে যাবে যদি আমরা আমাদের সন্তানদের মানসম্মত শিক্ষা না দিতে পারি কারণ শিক্ষা হল সব কিছুর মূল । এই বিষয়ে শিক্ষকদের ভূমিকাই মুখ্য । তিনি শিক্ষকদের উদ্দেশ্যে বলেন রূপকল্প ৪১ বাস্তবায়নে আমাদেরত আর রক্ত দিতে হচ্ছে না যেমনটা মুক্তিযুদ্ধে আমাদের বীর সেনানীরা দিয়েছিলেন । শুধু একটু দেশটাকে ভালবাসেন । নিজের উপর অর্পিত দায়িত্বটা ঠিকভাবে পালন করেন । তিনি বলেন অনেক সময় লক্ষ্য করা যায় শিক্ষকরা তাদের কাছে শিক্ষার্থীরা প্রাইভেট না পরলে অথবা কোচিং না করলে ফেল করিয়ে দেন যা খুবই অনৈতিক । আমাদেরকে এই সংস্কৃতি থেকে বের হয়ে আসতে হবে ।

তিনি আজ সকালে ঢাকার ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশনে কারমাইকেল কলেজের প্রাক্তন ছাত্র সমিতির আয়োজনে কারমাইকেল কলেজের প্রাক্তন ছাত্র সমিতির সাধারণ সভায় প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন ।

কারমাইকেল কলেজের প্রাক্তন ছাত্র সমিতির সভাপতি চৌধুরী খালেকুজ্জামান এর সভাপতিত্বে এই সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কারমাইকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর ড শেখ আনোয়ার হোসেন, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ও কারমাইকেল কলেজের প্রাক্তন ছাত্র মোঃ জাহাঙ্গীর আলম প্রমুখ ।

মোহাম্মদ আবুল খায়ের  
তথ্য ও জনসংযোগ কর্মকর্তা  
শিক্ষা মন্ত্রণালয়  
মোবাইল নাম্বার ০১৭১৬০৬৬৮৮৮